



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর
অডিও ভিস্যুয়াল ও ডিসপ্লে শাখা,
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.nmst.gov.bd



বিজ্ঞানমনস্ক জাতি গঠনে
প্রতিশ্রুতিবদ্ধ

স্মারক নম্বর: ৩৯.০৩.০০০০.০০০.০০৪.৩৫.০০০১.২৫.১৮

তারিখ: ১৬ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
৩০ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: ৪৭তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ এবং বিজ্ঞান মেলা যথা সময়ে সমাপ্তকরণ।

সূত্র: ১। ৩৯.০৩.০০০০.০০০.০০৪.৩৫.০০০১.২৫-৭১ (২৬২),
২। ৩৯.০৩.০০০০.০০০.০০৪.৩৫.০০০১.২৫-(৭০) এবং
৩। ৩৯.০৩.০০০০.০০০.০০৪.৩৫.০০০১.২৫-(১৬৩)

উপর্যুক্ত বিষয় ও সূত্রসমূহের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দেশব্যাপী শিক্ষার্থীদের বিজ্ঞান ও প্রযুক্তিগত জ্ঞান চর্চায় সম্পৃক্ত রাখার অপরিহার্যতা বিবেচনায় প্রতি বছরের ন্যায় চলতি ২০২৫-২৬ অর্থবছরেও ৪৭তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ ও বিজ্ঞান মেলা, ১০ম বিজ্ঞান অলিম্পিয়াড ও ১০ম বিজ্ঞান বিষয়ক কুইজ প্রতিযোগিতা আয়োজনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ইতোমধ্যে উপজেলা পর্যায়ে প্রয়োজনীয় অর্থ সংশ্লিষ্ট হিসাব নম্বরে প্রেরণ করা হয়েছে এবং বিজ্ঞান সপ্তাহ আয়োজন শুরু হয়েছে। উপজেলা পর্যায়ে বিজয়ী শিক্ষার্থীরা জেলা পর্যায়ে বিজ্ঞান সপ্তাহে অংশগ্রহণ করবে। উপজেলা পর্যায়ে সর্বোচ্চ উপস্থিতি নিশ্চিত করে সংশ্লিষ্ট নিয়মাবলী অনুসরণপূর্বক ২ দিনব্যাপী অনুষ্ঠান আয়োজন করতে হবে। এ সংক্রান্ত অনুসরণীয় নিয়মাবলী www.nmst.gov.bd ওয়েবসাইট থেকে ডাউনলোড করা যাবে।

২। আগামী ১১ এপ্রিল, ২০২৬ তারিখের মধ্যে উল্লিখিত প্রতিযোগিতাসমূহ পৃথক পৃথকভাবে আয়োজন সম্পন্ন করে বিজয়ীদের তালিকা স্ব স্ব জেলা প্রশাসক বরাবর প্রেরণ করতে হবে। প্রতিযোগিতাসমূহ আয়োজনের তারিখ নির্ধারণ করে মহাপরিচালক, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর কে, অবহিত করার জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হলো।

৩০-০৩-২০২৬

মোহাম্মদ আবুল কালাম আজাদ
উপপরিচালক (উপসচিব)

উপজেলা নির্বাহী অফিসার (সকল)।

স্মারক নম্বর: ৩৯.০৩.০০০০.০০০.০০৪.৩৫.০০০১.২৫.১৮/১ (৩)

তারিখ: ১৬ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
৩০ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে-

- ১। সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়।
- ২। বিভাগীয় কমিশনার (সকল) এবং
- ৩। জেলা প্রশাসক (সকল)।



২০০৩

৩০-০৩-২০২৬

মোহাম্মদ আবুল কালাম আজাদ
উপপরিচালক (উপসচিব)